

## উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আব্দুল মালেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ	:	০৫/১২/২০২১ ইং।
সময়	:	পূর্বাহ্ন - ১০.৩০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- “ক”

অদ্যকার সভার সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ সুব্রত কুমার সরকার-কে সভা পরিচালনা করার আহ্বান জানান। উপজেলা প্রাণিসম্পদ অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	পশু-পাখির রোগ বলাই বিষয়ক সচেতনতা সম্পর্কিত আলোচনা :- সদস্য সচিব ডাঃ সুব্রত কুমার সরকার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, শীতকালে গবাদিপশু ও হাঁস-মুরগির বিভিন্ন অসুখ-বিসুখ দেখা যায়। এ বিষয়ে সতর্কতা স্বরূপ বিভাগীয় ভাবে গ্রাম ও ওয়ার্ড ভিত্তিক ধারাবাহিকভাবে শীতকালীন টিকা প্রদানসহ প্রাথমিক চিকিৎসা ও পরামর্শ প্রদান কার্যক্রম জোরদার করা হয়েছে। তাছাড়া উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। জনগণকে গবাদিপশু ও হাঁস-মুরগির স্বাভাবিক ও মারাত্মক রোগ বলাই সম্পর্কে সচেতন করার ফলে পশু-পাখিকে সুস্থ ও সবল রাখা সম্ভব হবে এবং উত্তরোত্তর গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে মানুষ আত্মহীন হবে। পক্ষান্তরে খামারী ও পশু-পাখি পালনকারীদের আর্থ সামাজিক উন্নয়নসহ দেশে আমিষের ঘাটতি পূরণে সহায়ক ভূমিকা রাখবে।	প্রচার প্রচারনা জোরদার করতঃ জনসাধারণকে সচেতন করে তোলার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
২।	অভয়াশ্রম স্থাপনের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি সম্পর্কিত আলোচনা :- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বরুন কুমার মন্ডল সভায় জানান যে, পিরিজপুর স্কুল সংলগ্ন পদ্মানদীর কোলে এবং বিয়ানাবোনা পদ্মানদীর কোলে ২টি অভয়াশ্রম স্থাপনের কাজ চলছে। উপরোক্ত স্থানে অভয়াশ্রম স্থাপন করলে সেখানে সকল প্রজাতির দেশীয় বিলুপ্ত প্রজাতির মা মাছ বসবাস করবে এবং প্রজনন মৌসুমে ডিম দিবে। বর্ষা মৌসুমে সেই ডিম সমস্ত নদীতে ছড়িয়ে যাবে ফলে নদীতে মাছ উৎপাদন বৃদ্ধি পাবে। যা স্থানীয় জেলেদের আর্থ সামাজিক উন্নয়ন সাধিত হবে।	অভয়াশ্রম সংলগ্ন সমস্ত জেলেদের নিয়ে সচেতনতামূলক সভা করা যেতে পারে। সর্বোপরি অভয়াশ্রম রক্ষায় সকল স্তরের জনসাধানের সহযোগিতা কামনা করেন।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল মালেক)

সভাপতি





উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,  
গোদাগাড়ী, রাজশাহী।

উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী'র মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভ্যগণের হাজিরা

সভার তারিখ : ০৫/১২/২০২১ খ্রিঃ।  
সভার সময় : ১০.৩০ ঘটিকা  
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

ক্রমিক নং	নাম/পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সভাপতি	
০২	চেয়ারম্যান, গোদাগাড়ী ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৩	চেয়ারম্যান, রিশিকুল ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৪	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৫	উপজেলা প্রাণিসম্পদ অফিসার গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য সচিব	